# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০

শ্রেণি : দশম

**বিষয় ঃ খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)**

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ১ | ৪ |

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৭০**

[বিশেষ দ্রষ্টব্যঃ— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১। প্রিয়াংকা অত্যন্ত অলস। সে তার জামা কাপড় গুছিয়ে রাখে না। সে সব সময় এলোমেলো থাকে। তার বোন তাকে আলসেমির বিষয়ে কথা বললে সে মন খারাপ করে। সে জানে না যে সমালোচনার মাধ্যমে নিজেকে জানা যায়।

ক) পৃথিবীর শ্রেষ্ঠতম জ্ঞান কী? ১

খ) প্রত্যেক মানুষ আলাদা কেন? ২

গ) উদ্দীপকের প্রিয়াংকার চরিত্র পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সর্বশেষ কথাটি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২। নিঝুম একা একা বাস করতে পছন্দ করে। তার মা একদিন বললেন, মানুষের সাথে সম্পর্ক রাখা মৌলিক প্রয়োজন। আমাদের জীবন আবর্তিত হয় সমাজকে কেন্দ্র করে। আমাদের দুঃখ কষ্ট, আনন্দ-উৎসব সবার সাথে ভাগাভাগি করতে হবে। যে কোনো সুখে দুঃখে একে অপরকে এগিয়ে আসতে হবে। তবেই ব্যক্তিত্ব বিকশিত হবে। নিঝুম মায়ের কথা শুনে তার ভুল বুঝতে পারে।

ক) ব্যক্তি স্বাতন্ত্র্য কী? ১

খ) ব্যক্তি স্বাতন্ত্র্যের বৈশিষ্ট্যগুলো লেখ। ২

গ) উদ্দীপকটি পাঠ্য বইয়ের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি নিঝুমের মাকে সমর্থন কর? মতামত দাও। ৪

৩। জিতু একজন ভালো ছেলে। সে সবাইকে অনেক সাহায্য করে। যে মানুষের উপকার করতে ভালোবাসে। তার পরিবারে কোনো সদস্য অসুস্থ হলে সে সেবা করে সুস্থ করে তোলে। তার পরিবারের সদস্যরা বিপদে পড়লে সে তাদের সাহায্য করে থাকে।

ক) প্রথম সেবাকেন্দ্র কোনটি? ১

খ) সম্পর্ক রক্ষার উপায় গুলো লেখ। ২

গ) পাঠ্য বইয়ের আলোকে জিতুর চারিত্রিক বৈশিষ্ট্য গুলো ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক থেকে আমরা যে শিক্ষা পাই পাঠ্য বইয়ের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

৪। ধীমান খ্রিষ্টধর্ম আর মামুন ইসলাম ধর্মের অধিকারী। তারা দুজন একত্রে কাজ করে। তাদের দুজনের মধ্যে সম্পর্ক অত্যন্ত আন্তরিক। তারা একে অপরের কাজে সাহায্য সহযোগিতা করে। ঐই সাহায্য ও সহযোগিতার মাধ্যমে তাদের মধ্যে সৃষ্টি হয়েছে বন্ধুত্বের।

ক) নিঃসঙ্গতা কীরূপ অনুভূতি? ১

খ) নিঃসঙ্গতা ফলাফল কীরূপ? ২

গ) উদ্দীপকটি পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) "সহযোগিতা ও ভালোবাসা"-সৃষ্টি করে বন্ধুত্বের মতামত দাও। ৪

৫। শশী একটি কারখানায় কাজ করে। কারখানার মালিক অত্যন্ত দুশ্চরিত্রের অধিকারী ছিলেন। সে শশীকে বারবার কু-প্রস্তাব দিত। শশী তাতে রাজি ছিল না। শশীকে কারখানার মালিক জোড় করে ভোগ করতে চাইলে সে ছাদ থেকে লাফ দিয়ে আত্মহত্যা করে। তবুও সে কুমারিত্ব নষ্ট করেনি।

ক) ক্ষুদ্র পুষ্প সাধ্বী তেরেজার জন্ম কত সালে? ১

খ) ম্যাক্সিমিলিয়ন কেন সীমান্ত পার হন? ২

গ) শশী পাঠ্য বইয়ের উল্লেখিত কার সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক থেকে তুমি যে শিক্ষা পাও, তা তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মি. মিউটন একা থাকতে পছন্দ করে। তিনি কারও সাথে কথা বলেন না এবং কারও বাসা যান না। তিনি কখনো নিজের সব প্রয়োজন মেটাতে পারেন না। তিনি নিজেকে সব সময় তুচ্ছ ও অর্থহীন মনে করেন। তিনি মনে করেন তার কিসের যেন অভাব রয়েছে।

ক) মানুষ কিসের প্রতিমূর্তি? ১
খ) মানুষ কেন একাতিত্ব অনুভব করে? ২
গ) মি. মিউটনের চারিত্রিক বৈশিষ্ট্য পাঠ্য বইয়ের আলোকে-ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কি মি. মিউটনকে সমর্থন কর?-মতামত দাও। ৪

৭। পরশ পুরোহিতকে মান্য করত না। সে সব সময় পুরোহিতের বিপক্ষে কথা বলত, পুরোহিতের অনুসারীদের অত্যাচার করত। পরশ অসুস্থ হয়ে পড়লে পুরোহিত তার এক অনুসারীকে তার কাছে পাঠান। অনুসারীর মাধ্যমে পরশ সুস্থ হয়ে উঠেন। পরে তার ভুল ভেঙ্গে যায়। সে পুরোহিতের অনুসারী হয়।
ক) সম্প্রীতি কী? ১
খ) সম্প্রীতির ফলাফল কী? ২
গ) উদ্দীপকটি কার সাথে সাদৃশ্যপূর্ণ-চিহ্নিত কর। ৩
ঘ) পরশ কী যীশুর অনুসারী?-মতামত দাও। ৪

৮। জনরা অত্যন্ত নিচু জাতের লোক। তাদের সমাজের সকলে পরিবর্তন চায় না। তারা এক রকম জীবন যাপন করতে চায়। জনতার এলাকার এক স্কুলে ভর্তি হলে সমাজপতি তা মেনে নেয়নি। কিন্তু জনতার উদ্দেশ্য থেকে একটুও পিছপা হয়নি।
ক) সমাজ কী? ১
খ) মানব সমাজের দিক গুলো লিখ। ২
গ) উদ্দীপকটি পাঠ্য বইয়ের কোন গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কি জনকে সমর্থন কর? মতামত দাও। ৪

৯। মিলা শহরে লেখাপড়া করে। সে একদিন খবর পেল, তাদের গ্রামে ঘুর্ণিঝড় হয়েছে। এতে তাদের ঘরবাড়ি, গীর্জা, ক্ষেত, স্কুল নষ্ট হয়েছে। সে তার বন্ধুদের সাথে গ্রামে গেল দুর্দশা সুস্থ মানুষদের পাশে দাড়াতে। তাদের সহায়তায় গ্রামটি কয়েক দিনের মধ্যেই স্বাভাবিক অবস্থায় ফিরে এলো।
ক) অসুস্থতা আমাদের জীবনে কী করে? ১
খ) অসুস্থতা ভালো নয় কেন? ২
গ) মিলার বন্ধুদের কার্যাবলী পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর? ৩
ঘ) উদ্দীপকটির তাৎপর্য মূল্যায়ণ কর। ৪

১০। সুজন অত্যন্ত গরীব। সে দিন আনে, দিন খায়। কিন্তু তার সব ভালোবাসায় পূর্ণ। সে কখনো মিথ্যা কথা বলে না, কারও ক্ষতি করে না, কেউ আহত হলে সে তাকে সুস্থ করে তোলে।
ক) পাপ কী? ১
খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধে পর আগত স্বেচ্ছাসেবী দলটির কার্যক্রম গুলো সংক্ষেপে আলোচনা কর। ২
গ) উদ্দীপকটি পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের শিক্ষা পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। আকাশ তার বন্ধুর ব্যাগ থেকে গোপনে টাকা নেয়। তাদের শিক্ষক আলোচনা করে যে, "চুরি করা পাপ। যারা চুরি করে, ঈশ্বরের সাথে তাদের সম্পর্ক নষ্ট হয়ে যায়।" এ কথা শোনার পর আকাশের মনে অপরাধবোধ জাগ্রত হয়। সে তার বন্ধুর টাকা ফেরত দিয়ে তার কাছে ক্ষমা চায়।
ক) পুরাতন নিয়মে কথাটি আজ্ঞা আছে? ১
খ) পাপের পরিণতি সম্পর্কে বুঝিয়ে লেখ। ২
গ) আকাশের উপলব্ধি পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ) আকাশের কাজটি কি সঠিক? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪